কক্সবাজার সদর উপজেলা পরিষদ
কক্সবাজার

# উপজেলা পরিষদের মাসিক ৩১তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : কায়সারুল হক জুয়েল<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার। |
| সভার তারিখ ও সময় | : ১৩/০৪/২০২২ খ্রিষ্টাব্দ, দুপুর-১২.০০ টা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কক্সবাজার সদর |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত |

উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে আজকের সভায় প্রধান অতিথি হিসেবে জনাব সাইমুম সরওয়ার কমল, মাননীয় সংসদ সদস্য-২৯৬, কক্সবাজার-৩ (সদর-রামু) উপস্থিত হওয়ায় উপজেলা পরিষদের পক্ষ হতে শুভেচ্ছা জ্ঞাপন করেন। পরে উপজেলা নির্বাহী অফিসার আজকের সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের চেয়ারম্যানকে সভার সভাপতিত্ব করার অনুরোধ করেন। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এজেন্ডা অনুযায়ী সভা সঞ্চালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানালে উপজেলা নির্বাহী অফিসার সভায় ৩০তম সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং এতে কারো কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। পরবর্তীতে সভাপতি বিভাগওয়ারী স্ব-স্ব কর্মকর্তাগণকে তাঁদের দপ্তরের কর্মকান্ড সম্পর্কে সভায় অবহিত করার জন্য অনুরোধ জানানো হলে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **আইসিটি/ওয়েব পোর্টাল সম্পর্কিত :**<br>উপজেলা পরিষদসহ এর আওতাধীন অন্যান্য দপ্তরসমূহের ওয়েব পোর্টাল এখনো হালনাগাদ করা হয়নি। ওয়েব পোর্টাল হালনাগাদ না থাকায় প্রতিটি দপ্তরের সাথে যোগাযোগক্রমে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া কষ্টসাধ্য হয়ে পড়ে। সরকারের এটুআই প্রকল্পের নির্দেশনামতে ওয়েব পোর্টালে সকল দপ্তরের হালনাগাদ তথ্য থাকা প্রয়োজন। এছাড়া প্রতিটি ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালও হালনাগাদ করার বিষয়ে বিগত সভায়ও আলোচনা করা হয়। কিন্তু উপজেলা পরিষদসহ এর আওতাধীন সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীরসহ ও ইউনিয়ন পরিষদ সমূহের ওয়েব পোর্টাল নির্দেশনামতে এখনো পর্যন্ত হালানাগাদ না হওয়ায় উপজেলা নির্বাহী অফিসার অসন্তোষ প্রকাশ করেন। উপজেলা নির্বাহী অফিসার যতদ্রুত সম্ভব ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সভায় সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভাপতি এটুআইয়ের নির্দেশনামতে এখনো পর্যন্ত কক্সবাজার সদর উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ না হওয়ায় অসন্তোষ প্রকাশ করে জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদসহ এর আওতাধীন সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল জরুরী ভিত্তিতে হালনাগাদ করার জন্য সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদরকে নির্দেশনা প্রদান করেন। | ১। সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদর ২। স্ব-স্ব দপ্তর প্রধান, কক্সবাজার সদর<br>৩। চেয়ারম্যান, ইউপি (সকল), কক্সবাজার সদর |
| ০২. | **ইউনিয়ন পরিষদের মাসিক সভা সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, প্রত্যেক ইউনিয়ন পরিষদে প্রতিমাসে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী মাসের মাসের প্রথম সপ্তাহে এ কার্যালয়ে প্রেরণের জন্য সরকারিভাবে নির্দেশনা আছে। এছাড়াও প্রত্যেক মাসে মাসিক সভায় ইউনিয়ন পরিষদের মাসিক সভা করে যথাসময়ে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য বার বার বলা সত্ত্বেও ইউনিয়ন পরিষদ থেকে তা যথাসময়ে প্রেরণ করা হয় না। প্রতিমাসে আবশ্যিকভাবে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে উপজেলা পরিষদের প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদানের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ যথাসময়ে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে উপজেলা পরিষদে সভার কার্যবিবরণী প্রেরণ না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। সকল ইউপি চেয়ারম্যানগণকে ইউনিয়ন পরিষদে প্রতি মাসে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী নির্ধারিত তারিখের মধ্যে উপজেলা পরিষদে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। সভার কার্যবিবরণী প্রেরণের বিষয়টি স্ব-স্ব ইউপি সচিবগণকে নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।। | ১। চেয়ারম্যান, ইউপি (সকল), কক্সবাজার সদর<br>২। ইউপি সচিব (সকল), কক্সবাজার সদর |
| ০৩. | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস :**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করেন<br>**ইপিআইঃ**<br>কক্সবাজার সদর উপজেলায় ২৪১ টি অস্থায়ী টিকাদান কেন্দ্র রয়েছে। ৫৬৪৯ জন শিশুকে রুটিন ইপিআইতে টিকা প্রদান করা হয়। ৩৩৫ জন গর্ভবতী মহিলাকে টিডি টিকা প্রদান করা হয়েছে। ২০৭৭ জন (১৫-৪৯বছর) সাধারণ মহিলাকে টিডি টিকা প্রদান করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কক্সবাজার সদর |

চলমান পাতা-০২

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **কমিউনিটি ক্লিনিকঃ**<br>কক্সবাজার সদর উপজেলায় ২৯ টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। উক্ত ক্লিনিক সমূহে ২৮ জন কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) কর্মরত। সর্বমোট ৫৪৫ জন গর্ভবতী মহিলাকে এএনসি সেবা প্রদান করা হয় ও ১৩৬ জনকে পিএনসি সেবা প্রদান করা হয়। ৬৪৫৮ জন পুরুষ রোগী এবং ১৪১২৪ জন মহিলা, সর্বমোট-২০৫৮২ জন রোগীকে সেবা প্রদান করা হয়। ৯৩ জন পুরুষ এবং ১৫২ জন মহিলা, সর্বমোট-২৪৫ জন রোগীকে রেফার করা হয়।<br>**ঈদগাঁও উপ-স্বাস্থ্য কেন্দ্রঃ**<br>উক্ত কেন্দ্রে ১০২৬ জন পুরুষ এবং ১২০৯ জন মহিলা সর্বমোটঃ ২২৩৫ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। সর্বমোট ১০৩ জন গর্ভবতী মহিলাকে এএনসি এবং ২০ জন মহিলাকে পিএনসি সেবা প্রদান করা হয়।<br>**ম্যালেরিয়াঃ** ২১৬৪ জন রোগীকে ম্যালেরিয়া পরীক্ষা করা হয়। কোন ম্যালেরিয়া রোগী সনাক্তকরণ করা হয়নি এবং চিকিৎসা প্রদান করা হয়নি।<br>**পুষ্টি কার্যক্রমঃ**<br>অত্র উপজেলায় গত মাসে ৪৩৪৬ জন শিশুকে স্ক্রীনিং করা হয় এবং ১৩ জন মারাত্বক অপুষ্ট শিশুকে চিকিৎসা প্রদান সহ মায়ের বুকের দুধ ও বাড়তি খাবারের জন্য কাউন্সেলিং করা হয়।<br>**টিবি-লেপ্রসীঃ**<br>গত মাসে মোট ৭০ জন টিবি রোগীকে সনাক্ত ও চিকিৎসা প্রদান করা হয়। চিকিৎসাধীন এমডিআর টিবি রোগীর সংখ্যা ০৪ জন। লেপ্রসী রোগীর সংখ্যা ০৪ জন।<br>**কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রমঃ**<br>শুরু থেকে অদ্যাবদি মোট ৩৮৭১৩১ জন কোভিড-১৯ ভ্যাকসিনের ১ম ডোজ টিকা নিয়েছে যা মোট জনসংখ্যার ৭১.৩০% (উদ্দিষ্ট জনসংখ্যার ১০১.৮৫%) অর্জিত হয়েছে এবং ৩৬১৪৪০ জন কোভিড-১৯ এর ২য় ডোজ টিকা নিয়েছে যা মোট জনসংখ্যার ৬৬.৫৬% (উদ্দিষ্ট জনসংখ্যার ৯৫.০৯%) অর্জিত হয়েছে। অদ্যাবদি মোট ২৩২৪৯ জন কোভিড-১৯ এর ৩য় ডোজ/বুস্টারডোজ টিকা নিয়েছে। | | |
| | **মাধ্যমিক শিক্ষা অফিস :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, কক্সবাজার সদর উপজেলায় মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠানে সরকারি নির্দেশনা মোতাবেক এ্যাসাইনমেন্ট ও পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান আছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রাতিষ্ঠানিক স্ব-মূল্যায়ন ছক Institutional Self Assessment Summary (ISAS) তথ্যাবলী ইআইআইএনভূক্ত প্রত্যেক প্রতিষ্ঠান কর্তৃক পূরণ পূর্বক ঢাকা শিক্ষা ভবনে প্রেরণ করা হয়। এ উপজেলায় জাতীয় শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় এবং বিজয়ী প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের নামের তালিকা জেলা পর্যায়ে প্রেরণ করা হয়। প্রকল্পভূক্ত প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল,কলেজ ও মাদরাসা) ২০২২খ্রিষ্টাব্দের উপবৃত্তি কার্যক্রমে অন্তর্ভূক্ত করণের লক্ষ্যে স্কিম পরিচালক, ঢাকা এর নির্দেশনা প্রত্যেক প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়। উক্ত নির্দেশনা মোতাবেক উপবৃত্তি কার্যক্রমে শিক্ষার্থীদের অন্তভূক্তির কার্যক্রম চলছে। কৈশোরকালীন পুষ্টি কার্যক্রমের আওতায় আয়রণ ফলিক এসিড ট্যাবলেট বিতরণ প্রায় শেষ পর্যায়ে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কক্সবাজার সদর |
| | **প্রাণি সম্পদ অফিস :**<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নেমতে উপস্থাপন করেন।<br>১। (ক) গবাদি পশুর টিকা প্রদান করা হয়- ২০০০ টি খ) হাঁস-মুরগীর টিকা প্রদানকরা হয়- ৪৩২০০টি<br>২। কৃত্রিম প্রজনন কার্যক্রমের আওতায় উপজেলায় ২৭৩টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। পূর্বে প্রজননকারীর মধ্য হতে আলোচ্য মাসে ১০১টি শংকর জাতের বাচ্চা জন্ম হয়েছে।<br>৩। এ দপ্তর কর্তৃক ২৪৬৫টি গবাদি পশুর ও ১০২৭৭টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে।<br>৪। (ক) ডিম উৎপাদন ৮০.১৫ লক্ষ (খ) দুধ উৎপাদন ২১১০ মে: ট: (গ) মাংস উৎপাদন ১২০৩ মে: টন:। বর্তমানে কক্সবাজার সদর উপজেলায় কোন প্রকার সংক্রামক রোগের প্রাদুর্ভাব নাই। | কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কক্সবাজার সদর |

চলমান পাতা-০৩

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **জনস্বাস্থ্য প্রকৌশল অফিস :**<br>**আলোচনা-১ :** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস সভায় জানান, সমগ্র দেশের গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প (২০২১-২০২২) ইং অর্থ বৎসর ১৩০টি নলকূপের বরাদ্দ পাওয়া যায়। বিভিন্ন ইউনিয়ন ওয়ারী ১০টি নলকূপের বোরিং কাজ শেষ হয়েছে,বাকী কাজ চলমান আছে। সমগ্র দেশের গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প (২০২১-২০২২) ইং অর্থ বৎসর ০৯টি "কমিউনিটি নেটওয়ার্ক মধ্যমে পানি সরবরাহ' বরাদ্দ পাওয়া যায়। | উপজেলা ওয়াটসান কমিটি কর্তৃক বন্টনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার সদর |
| | **আলোচনা-২ :** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস সভায় আরো জানান, কক্সবাজার সদর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে ও গ্রোথ সেন্টারগুলোতে মিনি পাইপ লাইনের মধ্যমে সুপেয় পানি সরবরাহ লক্ষে ইউনিয়ন চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করা হয়। উল্লেখ্য জরুরী ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি সেক্টর প্রকল্প হতে গ্রামীন পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম, মিনি পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের জন্য উক্ত প্রকল্পের পরিচালক মহোদয় পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তর কে অবহিত করেছে। | গ্রোথ সেন্টারগুলোতে স্থান নির্বাচনের ০৬ শতাংশ জমি বুঝিয়ে দেওয়ার জন্য ইউপি (পোকখালী, ইসলামাবাদ, ভারুয়াখালী এবং ঈদগাঁও) সাইট লিষ্ট পাওয়া যায়, বাকি দুইটি ইউনিয়নের (ঝিলংজা এবং চৌফলদন্ডী) সাইট এখনো পাওয়া যায়নি। উক্ত ইউপি চেয়ারম্যানগণকে দ্রুত সাইট বুঝিয়ে দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার সদর<br>২। চেয়ারম্যান, ঝিলংজা/চৌফলদন্ডী ইউপি |
| | **যুব উন্নয়ন অফিস :**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ভ্রাম্যমান প্রশিক্ষন প্রদান চলমান আছে। মার্চ/২০২২ ইং মাসে ০৭ জন বেকার যুব ও যুব মহিলাদের বিভিন্ন প্রকল্পের আওতায় ৪,১৫,০০০/- ( চার লক্ষ পনের হাজার ) টাকা ঋন প্রদান করা হয়। অত্র দপ্তরের চলমান ঋন আদায়ের হার ৯৩%। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কক্সবাজার সদর |
| | **বিআরডিবি অফিস :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, উপজেলা পরিষদের আওতাধীন বিআরডিবি'র দুটি কোয়াটার (জোড়া-বাড়ী) কল্লোল ও হিন্দুল ভবন রয়েছে। উক্ত কোয়াটারের মধ্যে কল্লোল ভবন দীর্ঘদিন মেরামত না করার ফলে জরাজীর্ণ অবস্থায় থাকায় উপজেলা জোড়া-বাড়ীর আয় বন্টন ও রক্ষণাবেক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বাসা মেরামতের জন্য তিন সদস্য বিশিষ্ট পিআইসি কমিটি গঠন করা হয়। উক্ত পিআইসি কমিটি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে ভ্যাট আইটি বাদ দিয়ে এলজিইডি কর্তৃব প্রাক্কলন প্রস্তুতের মাধ্যমে বাসা মেরামত করণের সিদ্ধান্ত গৃহিত হয়। সে মোতাবেক পিআইসি কমিটির আহবায়ক জনাব প্রীতিময় খীসা, উপজেলা প্রকল্প কর্মকর্তা কে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার একটি ক্রস চেক প্রদান করা হয়। উক্ত কমিটি মেরামত কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পরিষদের মাসিক সমন্বয় কমিটির অনুমোদনের জন্য সভাপতির দৃষ্টি আর্কষণ করছি। দপ্তরের ঋণ সহ সকল কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর কর্তৃক কল্লোল ভবন পরিদর্শনক্রমে প্রাক্কলন প্রস্তুতপূর্বক গঠিত কমিটির মাধ্যমে ভবন মেরামতের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর<br>২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কক্সবাজার সদর |
| | **উপজেলা প্রকৌশল অফিস :**<br>**আলোচনা : ০১**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান, বিভিন্ন ইউনিয়ন হতে ইউপি চেয়ারম্যান ও গণ্যমান্য ব্যক্তিদের আবেদনের প্রেক্ষিতে বিগত ২৯তম সভায় অনুমোদিত প্রকল্পগুলো হতে আংশিক সংশোধনপূর্বক নিম্নোক্ত প্রকল্পগুলোর প্রাক্কলন প্রস্তুতপূর্বক সভায় অনুমোদনের জন্য নিম্নোক্তভাবে উপস্থাপন করেন। প্রকল্পগুলো নিম্নরূপ : (প্রকল্প তালিকা নিচে) | সভায় বিস্তারিত আলোচনার পর উপরোক্ত প্রকল্প সমূহ সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়। সর্বমোট ৫৭টি প্রকল্পের মধ্যে ২৬টি প্রকল্প টেন্ডার এবং ২টি প্রকল্প কোটেশন ও ২৯টি প্রকল্প প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে সম্পন্ন করে ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন সহায়ক তহবিল হতে নির্বাহ করর সিদ্ধান্ত গৃহীত হয় । | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর<br>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর |

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত টাকার পরিমাণ | বাস্তবায়নের ধরণ |
|---|---|---|---|
| ১ | শ্রী শ্রী লোকনাথ সেবাশ্রমের নীচের গাইড ওয়াল নির্মাণ | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |
| ২ | ইসলামপুর ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডে নুর চেহের এবতেদায়ী মাদ্রাসার ক্লাস রুম সম্প্রসারন | ৪০০০০০.০০ | টেন্ডার |
| ৩ | জালালাবাদ ইউনিয়নের ০১ নং ওয়ার্ডে সওদাগর পাড়া দারুল ফাত্তাহ একাডেমী শ্রেনীকক্ষ সংস্কার। | ২০০০০০.০০ | টেন্ডার |

চলমান পাতা-০৪

| ক্র: নং | আলোচনা | | | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | ক্র: নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত টাকার পরিমাণ | বাস্তবায়নের ধরণ | | |
| | ৪ | জালালাবাদ ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডে বটতলী পাড়া হেফজখানার বাউন্ডারীওয়াল নির্মাণ। | ২০০০০০.০০ | টেন্ডার | | |
| | ৫ | জালালাবাদ ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডে বটতলী পাড়া জামে মসজিদের গাইডওয়াল নির্মাণ। | ২০০০০০.০০ | টেন্ডার | | |
| | ৬ | জালালাবাদ ইউনিয়নের ২নং ওয়ার্ডের সার্বজনীন শ্রী শ্রী কার্তিক মন্দিরের সংস্কার/উন্নয়ন | ১০০০০০.০০ | প্র: কমিটি | | |
| | ৭ | ইসলামাবাদ ইউনিয়নের ০১নং ওয়ার্ডে পশ্চিম টেকপাড়া মোহাম্মদ হারুনের বাড়ী হতে মৌলানা সেফায়ত উল্লাহর বাড়ী পর্যন্ত আরসিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ২০০০০০.০০ | টেন্ডার | | |
| | ৮ | ইসলামাবাদ ইউনিয়নের ০৬নং ওয়ার্ডে পূর্ব ইউছুফেরখীল তাজ্যের পাড়া জামেমসজিদের গাইডওয়াল নির্মাণ। | ১০০০০০.০০ | টেন্ডার | | |
| | ৯ | ইসলামাবাদ ইউনিয়নের ০৬নং ওয়ার্ডে আল ইসলাম তালিমুল কোরআন মাদ্রাসা উন্নয়ন। | ১০০০০০.০০ | টেন্ডার | | |
| | ১০ | ইসলামাবাদ ইউনিয়নের ০৬নং ওয়ার্ডে পূর্ব ইউছুফেরখীল নুরুল হক নুরানী মাদ্রাসা সংস্কার। | ১০০০০০.০০ | টেন্ডার | | |
| | ১১ | ইসলামাবাদ ইউনিয়নের ০৯নং ওয়ার্ডে পশ্চিম গজালিয়া জামে মসজিদের অজুখানা নির্মাণ। | ২০০০০০.০০ | টেন্ডার | | |
| | ১২ | চৌফলদন্ডী ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে কালু ফকিরপাড়া আদর্শ বালিকা দাখিল মাদ্রাসা সংস্কার/মেরামত। | ২০০০০০.০০ | টেন্ডার | | |
| | ১৩ | চৌফলদন্ডী ইউনিয়নের ০৮নং ওয়ার্ডে নতুন মহাল বাজার জামে মসজিদ সংলগ্ন নুরানী মাদ্রাসা সংস্কার/মেরামত। | ২০০০০০.০০ | টেন্ডার | | |
| | ১৪ | চৌফলদন্ডী ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে কালু ফকিরপাড়া শাহ ছুফি কালুফকির (রা:) নুরানী মাদ্রাসা সংস্কার। | ২০০০০০.০০ | টেন্ডার | | |
| | ১৫ | চৌফলদন্ডী ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে কালু ফকিরপাড়া বায়তুননুর জামে মসজিদের পুকুরের সিঁড়ি নির্মাণ। | ২০০০০০.০০ | টেন্ডার | | |
| | ১৬ | পোকখালী ইউনিয়নে উত্তরনাইক্ষ্যংদিয়া মহিলা হেফজখানা উন্নয়ন। | ৩০০০০০.০০ | টেন্ডার | | |
| | ১৭ | পোকখালী ইউনিয়নে ০৬নং ওয়ার্ডে উত্তরনাইক্ষ্যংদিয়া নুরানী মাদ্রাসার ল্যাট্রিন নির্মাণ। | ২০০০০০.০০ | প্রঃ কমিটি | | |
| | ১৮ | পোকখালী ইউনিয়নের হযরত উম্মে হানি বালিকা মাদ্রাসার জন্য আসবাবপত্র সরবরাহ | ২০০০০০.০০ | প্র: কমিটি | | |
| | ১৯ | ভারুয়াখালী ইউনিয়নে ০৫নং ওয়ার্ডে সুলতানের বাড়ীর সামনে সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ২০০০০০.০০ | প্রঃ কমিটি | | |
| | ২০ | ভারুয়াখালী ইউনিয়নে ০২নং ওয়ার্ডে সওদাগরপাড়া রিয়াজুল কোরআন মডেল দাখিল মাদাসা সংস্কার। | ১০০০০০.০০ | টেন্ডার | | |
| | ২১ | পিএমখালী ইউনিয়নে ০৬নং ওয়ার্ডে পাতলী মিশকাতুন্নবী (রা:) মাদ্রাসা ও এতিম খানার বাউন্ডারীওয়াল নির্মাণ। | ২০০০০০.০০ | টেন্ডার | | |
| | ২২ | পিএমখালী ইউনিয়নে ০৬নং ওয়ার্ডে উত্তর পাতলী হযরত আবুবক্কও ছিদ্দিক (রা:) মাদ্রাসার ক্লাসরুম সম্প্রসারন। | ৬০০০০০.০০ | টেন্ডার | | |
| | ২৩ | ঝিলংজা ইউনিয়নে ০১নং ওয়ার্ডে লারপাড়া মোঃহোসনের বাড়ী হতে তৌহিদা আক্তারের বাড়ী অভিমুখি পানি নিষ্কাশনের জন্য ড্রেইন নির্মাণ। | ২০০০০০.০০ | প্রঃ কমিটি | | |
| | ২৪ | ঝিলংজা ইউনিয়নে ০৯নং ওয়ার্ডে মাস্টারপাড়া রাস্তার পার্শ্বে রবিউলের দোকানের সামনের রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন। | ২০০০০০.০০ | প্রঃ কমিটি | | |
| | ২৫ | ঈদগাঁও ইউনিয়নে ০৪নং ওয়ার্ডে ঈদগাঁও শাহ জব্বারিয়া আদর্শ দাখিল মাদ্রাসা সংস্কার/মেরামত। | ২০০০০০.০০ | টেন্ডার | | |
| | ২৬ | ঈদগাঁও ইউনিয়নে ০৯নং ওয়ার্ডে ঈদগাঁও মধ্যম ভোমরিয়াঘোনা সড়ক মামুনের বাড়ী হতে বাবুলের বাড়ীর অভিমুখে রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। | ২০০০০০.০০ | প্রঃ কমিটি | | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত টাকার পরিমাণ | বাস্তবায়নের ধরণ |
|---|---|---|---|
| ২৭ | ঈদগাঁও ইউনিয়নে ০১নং ওয়ার্ডে জাগিরপাড়া বায়তুর রহমান জামে মসজিদের অজুখানার অসমাপ্ত কাজ সমাপ্ত করণ। | ৪০০০০০.০০ | কোটেশন |
| ২৮ | ইসলামপুর ইউনিয়নে ৯নং ওয়ার্ডের উত্তর খানঘোনা জামে মসজিদের কবরস্থানের বাউন্ডারীওয়াল নির্মাণ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ২৯ | জালালাবাদ ইউনিয়নে বৃত্তর ঈদগাঁও পাবলিক লাইব্রেরী সংস্কার। | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |
| ৩০ | ইসলামপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডে নুর চেহেরী নুরানী এবতেদায়ী মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ। | ১০০০০০.০০ | প্রঃকমিটি |
| ৩১ | ইসলামপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডে নুর চেহেরী নুরানী এবতেদায়ী মাদ্রাসায় পাশে গাইডওয়াল নির্মাণ। | ১০০০০০.০০ | প্রঃকমিটি |
| ৩২ | পোকখালী ইউনিয়নের ৮নং ওয়ার্ডে পশ্চিম গোমাতলী বার আওলিয়া দরখাভিটা কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৩৪ | ঈদগাঁও ইউনিয়নের ৭নং ওয়ার্ডে ভাদিতলা আলী বিন আবুতালিব (রাঃ) মাদ্রাসা ও হেফজখানার বাউন্ডারী ওয়াল নির্মাণ | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৩৪ | খুরুশকুল ইউনিয়নের ৭নং ওয়ার্ডে গাজীর ডেইল দারুল উলুম দাখিল মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৩৫ | ভারুয়াখালী ইউনিয়নে ৪নং ওয়ার্ডে চৌচালা মুরা কাশেমের দোকান হতে পুকুর পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন। | ২০০০০০.০০ | প্রঃকমিটি |
| ৩৬ | ইসলামপুর ও ভারুয়াখালী ইউনিয়নে দুস্থ মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ | ২০০০০০.০০ | প্রঃকমিটি |
| ৩৭ | ঝিলংজা ইউনিয়নে হাজীপাড়া কবরস্থানের গাইডওয়াল নির্মাণ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৩৮ | ঝিলংজা ইউনিয়নে দঃ হাজীপাড়া ছৈয়দ আমিনের বাড়ী হতে লোকমানের বাড়ি পর্যন্ত ড্রেইন নির্মাণ | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৩৯ | ঝিলংজা ইউনিয়নে উপজেলাপাড়া নুরুল হুদার বাড়ি হতে ছৈয়দেও বাড়ি পর্যন্ত এইচবিবি দ্বারা উন্নয়ন। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৪০ | ঝিলংজা ইউনিয়নে কেন্দ্রীয় বাস টার্মিনাল কবরস্থানের পূর্ব পার্শ্বে গাইডওয়াল নির্মাণ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৪১ | পিএমখালী ইউনিয়নে মুজিব শর্তবর্ষ উপলক্ষে গৃহ নির্মাণ প্রকল্পের গাইডওয়াল নির্মাণ। | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |
| ৪২ | পিএমখালী ইউনিয়নে মুজিব শর্তবর্ষ উপলক্ষে গৃহ নির্মাণ প্রকল্পের ড্রেইন নির্মাণ। | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |
| ৪৩ | পিএমখালী ইউনিয়নে উত্তর নয়াপাড়া কালভার্ট হতে পাতলী খাল পর্যন্ত ইউপিভিসি পাই স্থাপন | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |
| ৪৪ | পিএমখালী ইউনিয়নের পূর্ব কাঠালিয়া মুরা মো: হোসেনের বাড়ীর সামনে রাস্তার কালভার্ট নির্মাণ | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |
| ৪৫ | উপজেলা পরিষদের হলরুমে থাই গ্লাস স্থাপন। | ৪০০০০০.০০ | কোটেশন |
| ৪৬ | ঝিলংজা ইউনিয়নে উপজেলার পরিষদের পশ্চিম পার্শ্বে গাইড ওয়াল নির্মাণ। | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |
| ৪৭ | চৌফলদন্ডী ইউনিয়নের ৬নং ওয়ার্ডে সিকদার পাড়া সাকো হতে মাস্টার আব্দুল হামিদের বাড়ী পর্যন্ত ব্রিক সলিং দ্বারা উন্নয়ন | ২০০০০০.০০ | প্র: কমিটি |
| ৪৮ | চৌফলদন্ডী ইউনিয়নের ৬নং ওয়ার্ডে পূর্ব খামার পাড়া তদনিবারো বাড়ী হতে মৌলানা শরীফের বাড়ীর দিকে ব্রিক সলিং দ্বারা উন্নয়ন | ২০০০০০.০০ | প্র: কমিটি |
| ৪৯ | ঈদগাঁও উপজেলা প্রেস ক্লাবের অফিস কক্ষ সজ্জা, আসবাবপত্র ও আইসিটি সামগ্রী ক্রয়। | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |
| ৫০ | ইসলামাবাদ ইউনিয়নে ২নং ওয়ার্ডে সিকদারপাড়া প্রাইমারী স্কুল সড়ক রাস্তায় পার্শ্বে গাইডওয়াল নির্মাণ | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |
| ৫১ | পিএমখালী আশ্রয়ণ প্রকল্পের (উত্তর পার্শ্বে) মুজিব বর্ষের ঘরের সামনের রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |

চলমান পাতা-০৬

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত টাকার পরিমাণ | বাস্তবায়নের ধরণ |
|---|---|---|---|
| ৫২ | পিএমখালী আশ্রয়ণ প্রকল্পের (দক্ষিণ পার্শ্বে) মুজিব বর্ষের ঘরের সামনের রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |
| ৫৩ | উপজেলার বিভিন্ন ইউনিয়নে দুঃস্থ ও অসহায় পরিবারের মাঝে স্যানিটারি ল্যাট্রিন বিতরণ | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |
| ৫৪ | খুরুশকুল মুজিব বর্ষ গ্রামে যাতায়াতের রাস্তায় আরসিসি পাইপ স্থাপন ও দুটি লোহার ফলক স্থাপন | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |
| ৫৫ | চৌফলদন্ডী ইউনিয়নের ৬নং ওয়ার্ডে পূর্ব পাড়া জামে মসজিদের অভ্যন্তরীণ রাস্তা সংস্কার ও উন্নয়ন | ২০০০০০.০০ | প্র: কমিটি |
| ৫৬ | চৌফলদন্ডী ইউনিয়নের ২নং ওয়ার্ডে ইসলামিয়া দারুল ফোরকান নুরানী একাডেমি কেজি মাদ্রাসার সংস্কার ও উন্নয়ন | ২০০০০০.০০ | প্র: কমিটি |
| ৫৭ | চৌফলদন্ডী ইউনিয়নের ৬নং ওয়ার্ডে পূর্ব খামার পাড়া মোজাফফরের বাড়ী হতে শাহাজাহানের বাড়ীর দিকে ড্রেইন নির্মাণ | ২০০০০০.০০ | প্র: কমিটি |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **আলোচনা : ২**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের বাঙারের ভবন নির্মাণের নিমিত্তে Soil Test এবং Digital Topographical survey করা হয়। উক্ত Soil Test বাবদ ৩x১২০০/=৩৬,০০০/- এবং Digital Topographical survey বাবদ ৩০,০০০/- সর্বমোট ৬৬,০০০/-(চেষট্টি হাজার টাকা) খরচ হয় মর্মে সভায় উপস্থাপন করা হয়। | সভায় সর্বসম্মতিক্রমে Soil Test & Digital Topographical survey বাবদ ব্যয়িত ৬৬,০০০/- (চেষট্টি হাজার) টাকা উপজেলা হাট বাজার তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর<br>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর |
| **আলোচনা : ৩**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ করার জন্য নিদের্শ প্রদান করায় ভবন নির্মাণ করার জন্য ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকায় ঠিকাদার নির্বাচন পূর্বক চুক্তিপত্র সম্পাদন করে কাজ সমাপ্ত করা হয়েছে। কাজ বাস্তবায়নের সময় বিভিন্ন প্রয়োজনীয়তার নিরিখে এবং বিল্ডিং এর স্থায়িত্ব বৃদ্ধির লক্ষ্যে কিছু অতিরিক্ত কাজ সম্পাদন করা হয়েছে। উপজেলা পরিষদের ম্যানুয়েল মোতাবেক চুক্তিমূল্য ১০% পর্যন্ত অতিরিক্ত কাজ Variation করে চলমান Contract এর মাধ্যমে বাস্তবায়নের নিদের্শনা থাকায় বরাদ্দের অতিরিক্ত ১,৪৯,৭৩৮/- টাকার কাজ নির্বাচিত ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় উপস্থাপন করা হয়। | সভায় বিস্তারিত আলোচনার পর আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ কাজের বরাদ্দের অতিরিক্ত ব্যয়িত সর্বমোট ১,৪৯,৭৩৮ টাকার নির্বাচিত ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়ন করে ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন সহায়ক তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর<br>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর |
| **আলোচনা : ৪**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, কক্সবাজার সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান কোয়ার্টার মেরামত এবং উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তার নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাক নির্মাণ কাজ ঠিকাদার নির্বাচন পূর্বক কাজ সমাপ্ত করা হয়। কিন্তু বাস্তবতার আলোকে ঠিকাদার কর্তৃক চুক্তি মূলের বাহিরে অতিরিক্ত আইটেমের কাজ করায় তাহা নিম্নোক্তভাবে প্রকল্প গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন। | প্রকল্প ০২টি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর<br>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর |

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত টাকার পরিমাণ | বাস্তবায়নের ধরণ |
|---|---|---|---|
| ১ | কক্সবাজার সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান কোয়ার্টার মেরামত | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |
| ২ | উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্য ব্যারাকের বিভিন্ন কাজ | ২০০০০০.০০ | প্রঃ কমিটি |

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **আলোচনা : ৫**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, কক্সবাজার সদর উপজেলা পরিষদ সম্মেলন কক্ষআধুনিকীকর, আসবাবপত্র ক্রয় ও সাউন্ড সিস্টেম স্থাপনের লক্ষ্যে ১৩,৭৯,৮৭০/- (তের লক্ষ উনআশি হাজার আটশত সত্তর) টাকার প্রাক্কলন প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলন অনুযায়ী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ আধুনিকায়ন করে ব্যয়িত ১৩,৭৯,৮৭০/- (তের লক্ষ উনআশি হাজার আটশত সত্তর) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবরে পত্র প্রেরণের জন্য সভায় মতামত ব্যক্ত করেন। | সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে প্রাক্কলন অনুযায়ী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ আধুনিকায়ন করে ব্যয়িত ১৩,৭৯,৮৭০/- (তের লক্ষ উনআশি হাজার আটশত সত্তর) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবরে পত্র সিদ্ধান্ত গৃহিত হয় | |
| | **আলোচনা : ০১**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, স্থানীয় সরকার বিভাগের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণের কাজ প্রায় শেষ পর্যায়ে। ভবনটির কাজ সমাপ্ত হলে উপজেলা নির্বাহী অফিসার নব নির্মিত বাসভবনের একটি নতুন নামকরণ করা প্রয়োজন। তাই আগামী সভার পূর্বে উপস্থিত সবাইকে নতুন ভবনের জন্য একটি করে নামকরণ প্রস্তাব করার জন্য সভায় অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় সর্বসম্মতিক্রমে আগামী সভার পূর্বে উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবনের নাম নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | **সংশ্লিষ্ট সকল** |
| | **আলোচনা : ০২**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ০৪/০১/২০২১ খ্রিষ্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০. ০৪৬.১৮.১৬০.২০২০-১১ নাম্বার স্মারকমূলে মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণের লক্ষে কক্সবাজার সদর উপজেলায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রতিটি ঘরের জন্য ১,৭১,০০০/- (এক লক্ষ একাত্তর হাজার) টাকা (ভ্যাট ও আইটি ব্যতীত) নির্ধারণ করে ৫টি ঘর নির্মাণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। উক্ত ঘরগুলো বাজার দর বৃদ্ধির কারণে উল্লেখিত বরাদ্দ দিয়ে নির্মাণ করা সম্ভব হয়নি। পরবর্তীতে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে পূর্বের প্রাক্কলন সংশোধন করে বর্তমান বাজার দর বিবেচনায় প্রতিটি ঘরের নির্মাণ ব্যয় ভ্যাট ও আইটি ব্যতীত ২,৪০,০০০/- টাকা এবং পরিবহন খরচ ১৫,০০০/- সর্বমোট ২,৫৯,০০০/- (দুই লক্ষ উনষাট হাজার) টাকা এবং ০৫টি ঘরের তদারকি কাজের জ্বালানী খরচ বাবদ ১৫,০০০ নির্ধারণ করা হয়। ফলে উক্ত বরাদ্দের আলোকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ভ্যাট ও আইটি ব্যতীত মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বর্তমান প্রাক্কলন অনুযায়ী প্রতিটি ঘরের নির্মাণ ব্যয় (২,৫৯,০০০+৫,০০০)X৫=১৩,২০,০০০/- তের লক্ষ বিশ হাজার) টাকা এবং তদারকির জ্বালানী খরচ ১৫,০০০/- টাকা ব্যয় নির্বাহ করার প্রশাসনিক অনুমোদনের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবরে পত্র প্রেরণের জন্য সভায় মতামত ব্যক্ত করেন। | সভায় সর্বসম্মতিক্রমে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রস্তুতকৃত বর্তমান প্রাক্কলন অনুযায়ী মুজিব শতবর্ষ উপলক্ষে কক্সবাজার সদর উপজেলায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রতিটি ঘরের নির্মাণ ব্যয় ভ্যাট ও আইটি ব্যতীত (২,৫৯,০০০+৫,০০০)X৫= ১৩,২০,০০০/- তের লক্ষ বিশ হাজার) টাকা এবং তদারকি কাজের জ্বালানী খরচ ১৫,০০০/- টাকা সর্বমোট ১৩,৩৫,০০০/- ( তের লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর<br>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর |
| | **আলোচনা : ৩**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, ১৪২৯ বাংলা সনে হাট-বাজার ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র বিক্রি বাবদ-৫,০১,৪০০/- (পাঁচ লক্ষ এক হাজার চারশত) টাকা পাওয়া যায়। উক্ত দরপত্র বিক্রি হতে প্রাপ্ত টাকা সরকারি হাট-বাজার ব্যবস্থাপনা ও ইজারা পদ্ধতি নীতিমালা এর ২.৪নং অনুচ্ছেদ অনুযায়ী সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ ও সিডিউল তৈরীর ক্ষেত্রে প্রয়োজনীয় আনুষাংগিক খরচ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার নির্দেশনা রয়েছে। এ নির্দেশনার আলোকে ১৪২৯ বাংলা সনের কক্সবাজার সদর উপজেলা পরিষদের হাট-বাজার ইজারা বিক্রি বাবদ প্রাপ্ত সর্বমোট-৫,০১,৪০০/- (পাঁচ লক্ষ এক হাজার চারশত) টাকা জমা প্রদানপূর্বক দরপত্র বিজ্ঞপ্তি প্রচার বাবদ যাবতীয় পত্রিকার বিল ও আনুষাংগিক খরচ রাজস্ব তহবিল হতে মিটানোর লক্ষ্যে সভায় অনুমোদনের নিমিত্ত সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভায় সর্বসম্মতিক্রমে সরকারি হাট-বাজার ব্যবস্থাপনা ও ইজারা পদ্ধতি নীতিমালা এর ২.৪নং অনুচ্ছেদ অনুযায়ী ১৪২৯ বাংলা সনের হাট-বাজার ইজারার লক্ষ্যে দরপত্র বিক্রি বাবদ প্রাপ্ত সর্বমোট ৫,০১,৪০০/- (পাঁচ লক্ষ এক হাজার চারশত) টাকা সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক হাট-বাজার ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি প্রচারসহ যাবতীয় ব্যয়িত অর্থ (পত্রিকার বিল, কম্পিউটার খরচ, আপ্যায়ন বিল, ফটোকপি ও আনুষাংগিক খরচ ইত্যাদি) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর |

চলমান পাতা-০৮

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **আলোচনা : ৪**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদে বর্তমানে একজন মালী ও একজন পরিচ্ছন্নতাকর্মী নিয়োজিত আছে। যাদের বেতন উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়। উক্ত কর্মচারীদের বাংলা নববর্ষ ১৪২৯ ও ঈদ-উল-ফিতর /২০২২ উপলক্ষ্যে পূর্ববর্তী মাসের আহরিত মূল বেতনের ২০% অর্থ নববর্ষ ভাতা ও মূল বেতনের সমপরিমাণ অর্থ উৎসব ভাতা প্রদানের জন্য সভায় সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় সর্বসম্মতিক্রমে নিয়োজিত মালী ও পরিচ্ছন্নতাকর্মীকে পূর্ববর্তী মাসের আহরিত মূল বেতনের ২০% নববর্ষ ভাতা ও মূল বেতনের সমপরিমাণ অর্থ উৎসব ভাতা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর |

**প্রধান অতিথির বক্তব্য :** জনাব সাইমুম সরওয়ার কমল, মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৯৬, কক্সবাজার-৩ (সদর-রামু) সভায় স্ব-স্ব দপ্তর প্রধানসহ উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি বলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যোগ্য উত্তরসূরি জননেত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার লক্ষ্যে দেশকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাচ্ছেন। তাই সরকার হতে প্রাপ্ত প্রতিটি উন্নয়নমূলক বরাদ্দ যথাযথভাবে কাজে লাগিয়ে দেশকে উন্নয়নশীল দেশে রূপান্তরিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানগণ, সকল ইউপি চেয়ারম্যান এবং অন্যান্য উপস্থিত সকলকে মুজিব শতবর্ষে মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত গৃহহীনদের ঘর প্রদানসহ সকল দপ্তরে প্রাপ্ত সরকারি বরাদ্দসমূহ সুষ্ঠু ও সঠিকভাবে বন্টন এবং ঘর প্রদানের ক্ষেত্রে প্রকৃত গৃহহীনদের ঘর প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের নিকট অনুরোধ জানান।

পরিশেষে সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকল দপ্তর প্রধান ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে বিভিন্ন কার্যক্রম ও পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় প্রস্তাব উপস্থাপনের জন্য ধন্যবাদ জানান এবং সকল দপ্তর প্রধানগণকে যথাসময়ে সভার কার্যপত্র প্রেরণের অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত) 13-04-22

**কায়সারুল হক জুয়েল**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কক্সবাজার সদর, কক্সবাজার

স্মারক নং-০৫.২০.২২২৪.০০০.০০.০০০.২০২২-৩২৬

তারিখ : ৩০ চৈত্র ১৪২৮ বাংলা
১৩ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মাননীয় সংসদ সদস্য-২৯৬, কক্সবাজার-৩ (সদর-রামু)
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৫। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৬। জেলা প্রশাসক, কক্সবাজার
০৭। সিভিল সার্জন, কক্সবাজার
০৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কক্সবাজার
১০। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার
১১। উপজেলা ........................................................ কর্মকর্তা, কক্সবাজার সদর, কক্সবাজার
১২। চেয়ারম্যান ........................................................ ইউনিয়ন পরিষদ (সকল), কক্সবাজার সদর, কক্সবাজার
১৩। সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদর, কক্সবাজার (ওয়েব পোর্টালে আপলোডের জন্য)
১৪। অফিস কপি

(স্বাক্ষরিত) ১৩/৪/২২

মিল্টন রায়
উপজেলা নির্বাহী অফিসার
কক্সবাজার সদর, কক্সবাজার

# উপজেলা পরিষদের মাসিক ৩১ তম সভায় উপস্থিতি

সভার তারিখ : ১৩/০৪/২০২২ খ্রিষ্টাব্দ, সময় : দুপুর-১২.০০ টা

| ক্র: নং | নাম ও পদবী | অফিসের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মাইমুনা সরওয়ার কমল<br>সংসদ সদস্য | | | [illegible] ১৩/০৪/২০২২ |
| ২। | মোহাম্মদ আফজাল হোসেন<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, সদর, লক্ষ্মীপুর | | | [illegible] |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

## উপজেলা পরিষদের মাসিক ৩১ তম সভায় উপস্থিতি

সভার তারিখ : ১৩/০৪/২০২২ খ্রিষ্টাব্দ, সময় : দুপুর-১২.০০ টা

| ক্র: নং | নাম ও পদবী | অফিসের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মো: আল-আমিন<br>উপ-সহকারী প্রকৌশলী | DPHE | 01754-266337 | [signature] |
| 02 | ফরহাদ হোসেন<br>PIO | DDM | 01700716846 | [signature] |
| ০৩ | মোহাম্মদ সালাহউদ্দিন<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | 01817750604 | [signature] ১৩/৪/২২ |
| ০৪ | রফিক উদ্দিন<br>উপজেলা সমবায় অফিসার<br>সদর, কক্সবাজার | উপজেলা সমবায় কার্যালয় সদর, কক্সবাজার | 01716-431391<br>[signature] ১৩/04/2022 | [signature] ১৩/04/2022 |
| ০৫ | মো: আ: কাদ্দুছ<br>সিনিয়র ফিসারিজ অফিসার | সিনিয়র উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার কার্যালয়, সদর, কক্সবাজার | 01681966911 | Kaddus 13.04.22 |
| ০৬ | মু: আমিনুল হক | কক্সবাজার পল্লী সঞ্চয় ব্যাংক | 01815-522943 | [signature] |
| ০৭ | জেসমিন আক্তার<br>তথ্যসেবা কর্মকর্তা | তথ্যকেন্দ্র কক্সবাজার সদর | 01313704528 | [signature] |
| ০৮ | মো: মাহবুবুর রহমান<br>UYDO সদর | DYD | 01715107675 | [signature] |

## উপজেলা পরিষদের মাসিক ৩১ তম সভায় উপস্থিতি

সভার তারিখ : ১৩/০৪/২০২২ খ্রিষ্টাব্দ, সময় : দুপুর-১২.০০ টা

| ক্র: নং | নাম ও পদবী | অফিসের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০৮ | মো: সাইফুল ইসলাম<br>উপ: পল্লী উন্নয়ন কর্মকর্তা | বিআরডিবি | ০১৯৯১১৬৬৪০১ | [signature] |
| ০৯. | মো: হালিম উল্লাহ<br>AUFPO, | উপজেলা<br>প: প: কার্যালয় | 01813-996635 | [signature] |
| ১০. | আলহাজ্ব মুহম্মদ আলমগীর | চেয়ারম্যান,<br>ঈদগাঁও ইউ.পি | 01811975483 | [signature] 13-4-22 |
| ১১ | রফিক আহমদ | চেয়ারম্যান<br>পোকখালী | 01843266148 | [signature] |
| ১২ | MOHAMMAD ABDULLAH | CHAIRMAN<br>PMK UNION | 01815679180 | [signature] |
| ১৩ | মোহাম্মদ নুরুল ... | চেয়ারম্যান<br>ইসলামাবাদ | 01718111610 | [signature] |
| ১৪ | মো: নোমান হোসেন চৌধুরী | চেয়ারম্যান<br>জালালাবাদ | 01818097438 | [signature] |
| ১৫ | টিপু সুলতান | চেয়ারম্যান<br>ইসলামপুর | 01819330618 | [signature] |

# উপজেলা পরিষদের মাসিক ৩১ তম সভায় উপস্থিতি

সভার তারিখ : ১৩/০৪/২০২২ খ্রিষ্টাব্দ, সময় : দুপুর-১২.০০ টা

| ক্র: নং | নাম ও পদবী | অফিসের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | | | | |
| | রশিদ মিয়া | উপজেলা পরিষদ | | [signature] |
| | হামিদা আক্তার | সদর উপজেলা পরিষদ | 01724-437621. | Hamida. |
| | কামাল উদ্দিন | চেয়ারম্যান [illegible] | 01614-504888 | [signature] 13.04.22 |
| | ইসমাইল হোসেন রাশেদ | চেয়ারম্যান [illegible] | 01819167993 | [signature] |
| | ডাঃ মোঃ [illegible] | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা | 01712943531 | [signature] |
| | মোঃ জাহিদ হাসান উপজেলা কৃষি অফিসার | উপজেলা কৃষি অফিস | 01717037315 | [signature] |
| | [illegible] উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | 01815111117 | [signature] |

# উপজেলা পরিষদের মাসিক ৩১ তম সভায় উপস্থিতি

সভার তারিখ : ১৩/০৪/২০২২ খ্রিষ্টাব্দ, সময় : দুপুর-১২.০০ টা

| ক্র: নং | নাম ও পদবী | অফিসের নাম | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | Sunjia Islam Juin, USSO. | উপজেলা সমাজ সেবা কার্যালয় | 01324156930 | [signature] |
| | ডা: [illegible] সেন, ULO, | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর. | 01818845672 | [signature] |
| | মোঃ সাইদুর রহমান উপজেলা হিসাব রক্ষণ অফিসার | উপজেলা হিসাব রক্ষণ অফিস | 01985489202 | [signature] ১৩/৪/২২ |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |